# সালারে সাংবাদিকের ঝুলন্ত দেহ উদ্ধার, খুনের অভিযোগ

**নিজস্ব সংবাদদাতা, সালার :** দৈনিক সংবাদপত্রের সাংবাদিকের ঝুলন্ত মৃতদেহ উদ্ধারের ঘটনা ঘটেছে। মৃতের নাম ভাস্কর ঘোষ (৩৪)।

শুক্রবার সন্ধে সাতটা নাগাদ সালার থানার শালু অঞ্চলের রাউতরি এবং নবগ্রামের মাঠ সংলগ্ন একটি জঙ্গল থেকে তাঁর ঝুলন্ত মৃতদেহ উদ্ধার হয়। নিহতের পরিবারের অভিযোগ, সাংবাদিকতা করতেন ভাস্কর। বিপক্ষে খবর করায় একটি রাজনৈতিক দলের তরফে তাঁকে হুমকি দেওয়া হচ্ছিল। সেই দলের দুষ্কৃতীরাই তাঁকে খুন করে গাছের সঙ্গে ঝুলিয়ে দিয়েছে। সামনে এসেছে ভাস্কর ঘোষের হোয়াটসঅ্যাপ থেকে পাঠানো একটি মেসেজেও। মৃতদেহ উদ্ধারের কয়েকঘণ্টা আগে সেই মেসেজ ভাস্করবাবুর হোয়াটসঅ্যাপ থেকে পাঠানো হয়। কতজনকে সেই মেসেজ পাঠিয়েছিলেন তা জানা যায়নি। তবে সেই মেসেজ এসেছে আমাদের হাতে।

সেখানে লেখা ছিল, খবর সংগ্রহ করে ফেরার সময় তাঁকে খুনের হুমকি দেওয়া হয়। যদিও এই মেসেজের সত্য-মিথ্যা সংবাদমাধ্যম যাচাই করেনি।

মৃত্যু নিয়ে ধোঁয়াশায় সালার থানার পুলিশ। তাদের তরফে জানানো হয়েছে, নিহতের পরিবারের তরফে মৌখিকভাবে অভিযোগ জানানো হয়েছে। ময়নাতদন্ত হয়েছে। রিপোর্ট হাতে আসার পর মৃত্যুর কারণ জানা যাবে।

পুলিশ গোটা বিষয়টি খতিয়ে দেখছে। ভাস্করবাবুর পরিবারের তরফে জানানো হয়েছে, তারা থানায় খুনের অভিযোগ দায়ের করবেন।

বেশ কয়েকবছর ধরে একটি দৈনিক সংবাদপত্রের জন্য খবর সংগ্রহের কাজ করতেন ভরতপুর থানার অর্ন্তগত বাসিন্দা ভাস্কর ঘোষ। শুক্রবার সকালে খবর সংগ্রহের জন্য বাইক নিয়ে বাড়ি থেকে বের হয়েছিলেন। তারপর আর ফেরেনি। সন্ধ্যায় রাউতরি এবং নবগ্রামের মাঠ সংলগ্ন জঙ্গল থেকে তাঁর মৃতদেহ উদ্ধার হয়। ভাস্করবাবুর ভাই তন্ময় ঘোষ জানিয়েছেন, বিকেলে জাওলিয়া গ্রামে শ্বশুরবাড়ি যায় তাঁর দাদা।

মুড়ি খেয়ে সেখান থেকে বের হন। তারপর সন্ধ্যায় মৃতদেহ পাওয়া যায় জঙ্গলে। তন্ময়ের কথায়, 'দাদার সঙ্গে আমার বিকেল পাঁচটা নাগাদ শেষ কথা হয়। তখন দাদাকে স্বাভাবিক বলেই মনে হয়েছে। আমার সন্দেহ দাদাকে খুন করা হয়েছে।'

ভাস্করবাবুর স্ত্রী ঈপ্সিতা ঘোষ একটি রাজনৈতিক দলের দিকে অভিযোগের আঙুল তুলছেন। তিনি জানিয়েছেন, বিপক্ষে খবর করা নিয়ে বেশ কিছুদিন থেকেই একজন হুমকি দিচ্ছিল তাঁর স্বামীকে। এই নিয়ে ভাস্কর চরম অস্বস্তিতে ছিল।

আতঙ্কে দিন কাটাচ্ছিল। হুমকির কথা সে নাকি এক দৈনিক সংবাদপত্রের সাংবাদিককেও জানিয়েছেন। তবে কোনও রাজনৈতিক দলের কাছ থেকে প্রাণনাশের হুমকি আসছিল তা তিনি জানেন না।

ইঙ্গিতাদেবীর বক্তব্যের সঙ্গে মিল রয়েছে ভাস্করবাবুর হোয়াইস অ্যাপ থেকে পাঠানো মেসেজে। সেখানে তিনি প্রাপককে লিখেছেন, 'স্যার আমি একসপ্তাহ থেকে নিরাপত্তাহীনতায় ভুগছি। একদিন আমি খবর সংগ্রহ করে রাত নটা নাগাদ বাড়ি ফিরছি। জনা পাঁচেক লোক মুখ ঢাকা দিয়ে আমার পথ আটকে দেয়। আমি বাইক থেকে রাস্তায় পড়ে যাই। ওরা আমাকে খুন করব বলে হুমকি দেয়। সালার থেকে কান্দার মোড় থেকে প্রসাদপুরের দিকে যাওয়ার রাস্তায় ঘটেছে।'

পরিবারের বাকি সদস্যরা জানিয়েছেন, ভাস্করের মৃত্যুর পিছনে ওই রাজনৈতিক দলের প্রভাবশালী নেতার হাত রয়েছে। স্থানীয় ও পুলিশসূত্রে খবর, যেখান থেকে মৃতদের উদ্ধার হয়েছে সেই জঙ্গল থেকে তাঁর শ্বশুরবাড়ির দূরত্ব প্রায় ১০ কিলোমিটার। ভাস্করবাবুর বাইকটি সন্ধান পাওয়া যায়নি। ওই এলাকাটির দুষ্কৃতীদের আখড়া হিসেবে পরিচিত।

# শ্যালিকার মুখে অ্যাসিড ছুড়লেন জামাইবাবু

**নিজস্ব সংবাদদাতা, হাওড়া :** বিয়ের প্রস্তাবে রাজি না হওয়ায় শ্যালিকার মুখে অ্যাসিড ছুড়ে মারল জামাইবাবু। ঘটনাটি ঘটেছে হাওড়ার উলুবেড়িয়া থানার খালসানি পূর্বপাড়ায়। এই ঘটনায় অভিযুক্ত জামাইবাবু সরিফুল মাল পলাতক। তাকে খুঁজছে পুলিশ। জানা গিয়েছে, ৯ বছর আগে সরিফুলের সঙ্গে বিয়ে হয় ওই পাড়ারই যুবতী রাকিয়া বেগমের। কিন্তু সরিফুল জরির কাজ করত ও তার রোজগার কম বলে সে শ্বশুরবাড়িতে থাকত। তারপর তার দু'টি সন্তান হয়। কিন্তু বছরখানেক আগে থেকেই সরিফুল তার শ্যালিকার প্রতি অনুরক্ত হয়ে পড়ে। সে প্রেম নিবেদনও করে বলে জানা গিয়েছে। এমনকী সেই ওই শ্যালিকাকে বিয়ের প্রস্তাবও দেয়। কিন্তু সরিফুলের শালিকা তাতে রাজি না হওয়ায় সে দিদিকে সব বলে দেয়। এই নিয়ে সরিফুলের সঙ্গে তার স্ত্রী তুমুল ঝগড়া হয়। সেই কারণে শুক্রবার রাত ১টা নাগাদ সরিফুল জানলার ফাঁক দিয়ে তার শ্যালিকার উদ্দেশ্যে অ্যাসিড ছুড়ে মারে। এতে শ্যালিকার মুখের এক অংশ ও পেট পুড়ে যায়। তাকে উলুবেড়িয়া মহকুমা হাসপাতালে ভর্তি করা হয়।

# বিজেপি সমর্থককে পেটানোর অভিযোগে ধৃত তৃণমূল নেতা

**নিজস্ব সংবাদদাতা, রবীন্দ্রনগর :** জমি নিয়ে বিবাদের জেরে এক বিজেপি সমর্থক বাড়িতে লোকজন নিয়ে হামলা চালানোর অভিযোগ উঠল এক তৃণমূল নেতার বিরুদ্ধে। শুক্রবার ঘটনাটি ঘটেছে দক্ষিণ ২৪ পরগনার রবীন্দ্রনগর থানার সন্তোষপুরের বিধানগড়ে। বিজেপি কর্মীকে মারধরের পাশাপাশি তাঁর স্ত্রী-র শাড়ি ছিঁড়ে দেওয়া হয় বলে অভিযোগ। বিজেপি কর্মীরা নাবালক ছেলের মাথায় পিস্তল ঠেকিয়ে থানায় অভিযোগ না জানানোর হুমকিও দেয় হামলাকারীরা। ঘটনার মূল অভিযুক্ত সফিকুল শেখ নামে ওই তৃণমূল নেতাকে গ্রেফতার করেছে পুলিশ। বাকি অভিযুক্তরা পলাতক। জানা গিয়েছে, দীর্ঘদিন ধরে জমি নিয়ে মামলা চলছিল তৃণমূল নেতা সফিকুল শেখ ও বিজেপি সমর্থক মৃত্যুঞ্জয় চক্রবর্তীর মধ্যে। আদালতও জমিতে ১৪৪ ধারা জারি করে। অভিযোগ, আদালতের নির্দেশ না মেনে সফিকুল শেখ ওই জমিতে একটি বাড়ি তৈরি করছেন। এনিয়ে ফের দুই পরিবারের মধ্যে অশান্তি হয়। শুক্রবার সাড়ে ১১টা নাগাদ নির্মীয়মাণ বাড়িতে বিদ্যুৎ সংযোগের চেষ্টা করেন সফিকুল। আগেও কয়েকবার তিনি ওই বাড়িতে বিদ্যুৎ সংযোগের চেষ্টা করেন। শুক্রবার শতাধিক লোকজনকে সঙ্গে করে নিয়ে এসেছিল সে। তখন মৃত্যুঞ্জয়বাবু বিদ্যুৎ সংযোগে বাধা দিলে তার সঙ্গে সফিকুলের বচসা শুরু হয়। অভিযোগ, তখন মৃত্যুঞ্জয়বাবুকে মারধর করা হয়। পিস্তল দিয়ে চোখে কপালে আঘাত করা হয়। স্বামীকে বাঁচাতে গেলে মৃত্যুঞ্জয়বাবুর স্ত্রী ও মায়ের উপরেও চড়াও হয় দুষ্কৃতীরা। স্ত্রীর শাড়ি ছিঁড়ে দেওয়া হয়। চলে যাওয়ার আগে মৃত্যুঞ্জয়বাবুর ছেলের কপালে পিস্তল ঠেকিয়ে থানায় অভিযোগ না জানানোর হুমকিও দেয় তারা। মৃত্যুঞ্জয়বাবুর অভিযোগ, 'আমরা বিজেপি করি বলে হামলা চালানো হয়েছে। আমাকে ও আমার পরিবারের লোকজনকে মারধর করা হয়েছে। আমাকে অন্ধ করে দেওয়ার চেষ্টা হয়েছিল। আমার স্ত্রীর শ্লীলতাহানি করা হয়েছে। শতাধিক লোক হামলা চালায়।

সফিকুলকে শনিবার আদালতে তোলা হয়। অভিযুক্তরা তাদের দলের কর্মী নয় বলে দাবি করেছেন স্থানীয় তৃণমূল ব্লক সভাপতি সব্যসাচী বসু।

## বিষ্ণুপুরে খড়গেশ্বর ধামে চৈত্র সংক্রান্তির মেলা

**নিজস্বসংবাদদাতা,দঃ২৪পরগনা:** দক্ষিণ ২৪ পরগনার দ্বিতীয় বৃহত্তম মেলা জয়রামপুর খড়গেশ্বর ধামের চৈত্র সংক্রান্তির মেলা। মেলায় এবার জোরদার নিরাপত্তার ব্যবস্থা করেছে ডায়মন্ডহারবার পুলিশ প্রশাসন। প্রায় ৫০০ বছর ধরে এই মেলা চলে আসছে বলে দাবিকরেন মেলা কমিটির সম্পাদক সুশীল কুমার বিশ্বাস।কথিত আছে, ৫০০ বছর আগে স্বপ্নাদেশ পেয়ে নৌকায় চেপে জয়রামপুরে আসেন কালিচরণ হালদার ও আলেম শেখ। এরপর মাটি খুঁড়ে তাঁরা একটি শিবলিঙ্গ পান। স্থানীয়দের সঙ্গে আলোচনা করে তাঁরা একটি কুঁড়ে ঘরে শিবলিঙ্গটি রেখে পুজো শুরু করেন। পরে স্থানীয় জমিদার সেখানেই খড়গেশ্বর ধাম গড়ে তোলেন।প্রতি বছর ২৬চৈত্র থেকে শুরু হয় এই মেলা। চলে ১ বৈশাখ পর্যন্ত। এবছর ভক্তদের সংখ্যা ৪ লাখে পৌঁছবে বলে মনে করছেন সুশীলবাবু।

# সন্ন্যাসকে দূরে সরিয়ে ফের ভোট ময়দানের অপেক্ষায় প্রার্থীরা



**নিজস্ব সংবাদদাতা, হাওড়া :** বাঙালির বারো মাসে তেরো পার্বণ। এই পার্বণের শেষ পার্বন চড়ক উৎসব। এই সময় মন্দিরে মন্দিরে নারী-পুরুষরা সন্ন্যাস গ্রহণ করেন। এই বছর গাজন উৎসবের সময় পড়ে গেছে পঞ্চায়েত নির্বাচন। হাওড়ার শ্যামপুর থেকে ডোমজুড় এই ভোটের আবহের মধ্যেই পালিত হয় গাজন উৎসব। গ্রামের শিব মন্দিরে এই সময় যারা সন্ন্যাস ব্রত পালন করেন তাদের অনেকেই প্রার্থী হয়েছেন। হাওড়া আমতা ১নম্বর ব্লকের এবারের পঞ্চায়েত সমিতির প্রার্থী হয়েছেন অর্চিতা মান্না। তিনি প্রতি বছরের মতো এবছরও সন্ন্যাস ব্রত পালন করছেন। শ্যামপুরের বাছরী গ্রাম পঞ্চায়েতের একটি আসনের প্রার্থী শ্যামসুন্দর মেটে। তিনিও সন্ন্যাস ব্রত নিয়ে আর পাঁচজন সন্ন্যাসীর সঙ্গে বেরিয়ে পড়ে ছিলেন গাজন গাইতে। একই চিত্র দেখা গিয়েছে ডোমজুড়ের ননানা গ্রামে এই গ্রামেও কয়েকজন সন্ন্যাসী এবার প্রার্থী হয়েছেন বলে জানা গিয়েছে। কিন্তু পঞ্চায়েত নির্বাচন নিয়ে আইনের লড়াইয়ের জন্য রবিবার পর্যন্ত অপেক্ষা করতে হবে বাঙালিকে। আদালতের রায়ের ওপর নির্ভর করবে ভোটের ভবিষ্যত। তাই অনেক প্রার্থীই নির্বাঞ্ঝটে পালন করছেন গাজন উৎসব ও সন্ন্যাস ব্রত। তারা দুদিন স্বতঃস্ফূর্তভাবে তারা গাইছেন গাজনের গান। তবে সন্ন্যাসত্ত নেওয়া প্রার্থীরা জানান, গাজনের গান গেয়ে ঘুরতে জনসংযোগের কাজটা ভালই করেছেন তাঁরা। সোমবার আদালতের রায়ের পর সন্ন্যাস ভেঙে দুই নির্বাচনের কাজে ঝাঁপাতে চাইছেন তারা।

# বাড়ির দোরগোড়ায় জমে অ্যাসিড জল, প্রশাসনিক নিষ্ক্রিয়তার অভিযোগ

**নিজস্ব সংবাদদাতা, ডোমজুর :** কারখানা থেকে বের হচ্ছে অ্যাসিড জল। আর সেই জল এলাকাতেই জমে থাকছে। সেই জমে থাকা জলের মধ্যে দিয়েই রোজ যাতায়াত করায় স্থানীয় বাসিন্দাদের দেখা দিচ্ছে চর্ম রোগ। দীর্ঘদিন ধরে এমনই সমস্যায় জর্জরিত হাওড়ার শলপ-১, ২ ও পাকুড়িয়ার এলাকার বাসিন্দারা।

বিষয়টি নিয়ে বারবার প্রশাসনের কাছে গেছেন স্থানীয়রা। তবে কাজের কাজ কিছু হয়নি। জমা অ্যাসিড জল থেকে নিজেদের বাঁচাতে ছোট ছোট ভেলা বানিয়ে যাতায়াত করতে হচ্ছে স্থানীয়দের।

এবিষয়ে শলপ এলাকার তৃণমূল অঞ্চল সভাপতি বিশ্বজিৎ পণ্ডিত বলেন, 'দুই থেকে আড়াই বছর ধরে এই সমস্যা হচ্ছে। এলাকার পাশেই একটি ইন্ডাস্ট্রিয়াল বেল্ট হয়েছে। সেখানেই অন্তত পাঁচ থেকে ছয়টি কারখানা আছে। সেইসব কারখানা থেকে দূষিত জল এলাকায় জমছে। বিষয়টি ইতিমধ্যেই আমরা বিডিও ও আইসি-কে জানিয়েছি। তারা এসে তদন্ত করে গেছে। খুব দ্রুতই এই সমস্যা মিটে যাবে।

ওই এলাকার সরকারি প্রজেক্ট ম্যানেজার দীপর মুখার্জি বলেন, 'এলাকাটি নীচু হওয়ার বিভিন্ন জায়গার জল এসে এখানে জমছে। অ্যাসিড জল জমছে সেখানে। ইতিমধ্যেই ব্লক প্রশাসনের তরফে কারখানাগুলিকে সর্তক করা হয়েছে।

কারখানাগুলি যদি নিয়মকানুন মেনে না চলে তবে সেগুলি বন্ধ করে দেওয়া হবে।'

এলাকাবাসীদের অভিযোগ, কারখানা থেকে দূষিত জল পরিবেশে সরাসরি মিশছে। সেবিষয়ে প্রশাসনের কোনও নজর নেই। সবাই সবকিছু জেনেও চুপ করে আছে।

# নীলষষ্ঠীতে প্রসাদ খেয়ে অসুস্থ প্রায় দু'শো জন

**নিজস্ব সংবাদদাতা, কাকদ্বীপ :** নীলষষ্ঠীতে প্রসাদ খেয়ে অসুস্থ প্রায় দু'শতজন। এদের মধ্যে এ পর্যন্ত কাকদ্বীপ মহকুমা হাসপাতালে প্রায় একশো জনের ওপর চিকিৎসা চলছে। ঘটনাটি ঘটেছে কুলপি ব্লকের বাবুর মহল এলাকায়। বছরের শেষ, প্রতি বছরের মতো এবারেও শিবপুজোয় চিড়ে প্রসাদের আয়োজন করা হয়েছিল। সেই প্রসাদ খাওয়ার পরই বমি শুরু হয়ে যায়। তিন-চার বছরের বাচ্চা থেকে ষাট বছরে বয়স্করা অসুস্থ হয়ে পড়ে। কাকদ্বীপ মহকুমা হাসপাতালে খবর যায়। হাসপাতালের সুপার রাজর্ষী দাস দ্রুত ব্যবস্থা গ্রহণ করেন। এলাকায় অ্যাম্বুল্যান্স পাঠান। এই খবর লেখা পর্যন্ত প্রায় ১০৫ জনকে ভর্তি করা হয়েছে। হাসপাতালের ডাক্তার এবং নার্সরা যুদ্ধকালীন পরিস্থিতিতে চিকিৎসা করছেন। অশিমা হালদার, জয়ব্রত হালদারদা আপাতত সুস্থ বোধ করছেন। স্থানীয় একজন বললেন, প্রতিবছর প্রসাদ বিতরণ হয়। এবারে কীভাবে হল বোঝা যাচ্ছে না। কেউ কেউ আবার চিড়ে প্রসাদ পরীক্ষার জন্য নমুনা সংগ্রহ করে রেখেছেন।

# লিলুয়ায় ছিনতাই, চাঞ্চল্য

**নিজস্ব সংবাদদাতা, হাওড়া :** বেলুড় এবং লিলুয়া থানা অঞ্চলে পরপর ছিনতাইয়ের ঘটনা বেড়ে চলায় আতঙ্কের সৃষ্টি হয়েছে এলাকায়। দিনে-দুপুরে সকলের সামনে লিলুয়া স্টেশন রোডে ওপরে মহিলার কাছ থেকে ব্যাগ ছিনতাই করে পালাল তিন বাইক আরোহী। আক্রান্ত সেই মহিলার নাম ডিম্পল সাহিদা। দুষ্কৃতীরা তার ব্যাগ ছিনতাই করে পালানোর সময় তাদের পিছন পিছন চিৎকার করতে করতে তাড়া করেন ওই মহিলা। কিন্তু খুব দ্রুত বাইক চালিয়ে পালিয়ে যায় সেই তিন ছিনতাইবাজ।এরপর লিলুয়া থানায় অভিযোগ করেন তিনি। সেখানে গেলে ওই মহিলাকে ঘটনাস্থলে যেতে বলা হয় থানার তরফ থেকে। দীর্ঘক্ষণ পর ঘটনাস্থলে পুলিশ আসে বলে অভিযোগ সেই মহিলার।তার অভিযোগ, দীর্ঘ অপেক্ষার পর ঘটনাস্থলে পুলিশ এলেও অভিযোগ না নিয়েই অভিযোগ হয়ে গেছে বলে পুলিশ জানায়। প্রাথমিকভাবে পুলিশের কাছে থেকে অসহযোগিতার অভিযোগ করলেও পরে মহিলার অভিযোগ গ্রহণ করে লিলুয়া থানা। ওই মহিলার দাবি, এলাকার সিসিটিভি দেখে খনাক্ত করুক পুলিশ এবং তার ব্যাগ উদ্ধার করুক। ব্যাগের ভেতরে কয়েক হাজার টাকার সঙ্গে ছিল বেশকিছু জরুরি নথিপত্রও। কয়েকদিন আগেই এলাকা থেকে চিলচোঁড়া দূরত্বে এইভাবেই আরও একটা ছিনতাইয়ের ঘটনা ঘটেছিল। হঠাৎ করে এলাকায় এইভাবে ছিনতাইয়ের ঘটনা বেড়ে চলায় চিন্তিত প্রশাসন।

# বার্ন স্ট্যান্ডার্ড বন্ধের প্রতিবাদে অনশন

**নিজস্ব সংবাদদাতা, হাওড়া :** রাষ্ট্রায়ত্ত সংস্থা বার্ন স্ট্যান্ডার্ডকে বন্ধ করে দেওয়ার কেন্দ্রীয় সরকারের সিদ্ধান্তের প্রতিবাদে গত ৭ এপ্রিল থেকে রিলে অনশন শুরু করেছেন শ্রমিক কর্মচারীরা। সংস্থার আইএনটিটিইউসি শ্রমিক ইউনিয়নের ওয়ার্কিং প্রেসিডেন্ট গোপাল ভট্টাচার্য জানান ভারতীয় রেলের ওয়াগন তৈরি করে যে সমস্ত সংস্থা তাদের মধ্যে রেথওয়েটে ও বার্ন ছাড়া বন্ধ হয়ে গেছে সবগুলিই। তিনি প্রশ্ন তোলেন আগামীদিনে কী ভারতীয় রেল ওয়াগান আমদানি করতে চলেছে? এবারে সরকারি সিদ্ধান্তে বন্ধ করে দেওয়া হয়েছে হাওড়ার শতাব্দী প্রাচীন বার্ন স্ট্যান্ডার্ডকে। এদিন সকাল থেকে সংস্থার মূল ফটকের সামনে রিলে অনশনে বসেছেন সংস্থার কর্মীরা। হাওড়া পুরসভার মেয়র পারিষদ শ্যামল মিত্র বলেন হাওড়ার শেফিল্ড নামটি এবারে ঘুচতে চলেছে কেন্দ্রীয় সরকারের ও দিশাহীন সিদ্ধান্তের ফলে। বার্নের মতো লাভজনক সংস্থাকে বন্ধ করে দেওয়া শিল্প শহর হাওড়ার কাছে এক বড় আঘাত। তিনি জানান আগামীদিনে সমগ্র হাওড়াবাসীর স্বাক্ষরিত একটি আবেদন প্রধানমন্ত্রী কাছে পাঠানোর কথাও চিন্তা ভাবনা করা হচ্ছে।

# হাওড়ায় প্লাস্টিকের গোডাউনে আগুন, পুড়ল ৪৫ লাখের পাইপ

**নিজস্ব সংবাদদাতা, হাওড়া :** প্লাস্টিকের গোডাউনে আগুন লেগে পুড়ল ৪০ থেকে ৪৫ লাখ টাকার প্লাস্টিকের পাইপ। শনিবার দুপুরে ২টা নাগাদ দুর্ঘটনাটি ঘটেছে হাওড়ার ৪০ নম্বর জালি গেট ভোটবাগান এলাকায়। পরে দমকলের ৪টি ইঞ্জিনের সাহায্যে আগুন নিয়ন্ত্রণে আসে।

স্থানীয় বাসিন্দারা প্রথমে গুই গোডাউন থেকে কালো ধোঁয়া বেরাতে দেখেন। আস্তে আস্তে সেই ধোঁয়ায় এলাকা ঢেকে যায়। এরপরই তাঁরা দমকলে খবর দেন। প্রথমে দমকলের দু'টি ইঞ্জিন ঘটনাস্থলে পৌঁছায়। তাতে কাজ না হওয়ার আরও দু'টি ইঞ্জিন আসে। এরপর দমকল ঘণ্টাখানেকের চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আসে।

স্থানীয় সূত্রে জানা গেছে, আগুন যখন লাগে সেই সময় গোডাউনে কয়েরকজন শ্রমিক কাজ করছিলেন। আগুন দেখে তাঁরা বাইরে বেরিয়ে আসেন। এই ঘটনায় কেউ হতাহত না হলেও প্রায় ৪৫ লাখ টাকার প্লাস্টিকের পাইপ পুড়ে যায়। দমকল আধিকারিকদের প্রাথমিক অনুমান, সর্ট সার্কিট থেকেই আগুন লেগেছে।

## সুডোকু মেলাও বুদ্ধি বাড়াও

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | 4 | 9 | | | 8 | 7 | |
| 2 | 9 | 6 | | | 5 | | | |
| | 3 | | 6 | 1 | | | | 9 |
| | | 9 | | 5 | | | 6 | 7 |
| | | 2 | 4 | | 1 | 3 | | |
| 1 | 5 | | | 9 | | 2 | | |
| 6 | | | | 4 | 2 | | 1 | |
| | | | 8 | | | 7 | 5 | 3 |
| | 8 | 5 | | | 7 | 6 | | |

## গতকালের সমাধান

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | 4 | 5 | 3 | 9 | 6 | 8 | 7 | 2 |
| 7 | 9 | 2 | 5 | 1 | 8 | 6 | 3 | 4 |
| 8 | 6 | 3 | 2 | 7 | 4 | 9 | 5 | 1 |
| 9 | 1 | 7 | 6 | 5 | 3 | 4 | 2 | 8 |
| 4 | 3 | 6 | 8 | 2 | 9 | 7 | 1 | 5 |
| 2 | 5 | 8 | 7 | 4 | 1 | 3 | 6 | 9 |
| 3 | 7 | 1 | 9 | 8 | 2 | 5 | 4 | 6 |
| 5 | 8 | 4 | 1 | 6 | 7 | 2 | 9 | 3 |
| 6 | 2 | 9 | 4 | 3 | 5 | 1 | 8 | 7 |

## আবহাওয়া

**পূর্বাভাস:** রবিবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা থাকবে যথাক্রমে ৩২ ডিগ্রি ও ২৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। **তাপমাত্রা:** শনিবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা ছিল যথাক্রমে ৩২ ডিগ্রি ও ২৩ ডিগ্রি সেলসিয়াস। **আপেক্ষিক আর্দ্রতা:** সর্বাধিক ৪৫ শতাংশ। **সূর্যোদয়:** ঘ ৬।১৪, **সূর্যাস্ত:** ঘ ৫।২৬ **জোয়ার:** বিকেল : ৩।৫৯। **ভাটা:** সকাল : ১১।২১।

**— সমাধানের নিয়ম —**

এমন ভাবে শূন্য ঘরগুলো পূরণ করতে হবে যেন প্রতিটি সারিতে ও প্রতিটি কলমে ১ থেকে ৯ সংখ্যাগুলো মাত্র একবার থাকে।

## বিজ্ঞপ্তি

*এই পত্রিকায় প্রকাশিত কোনও বিজ্ঞাপন ও তার বিষয়ে কোনও দায়িত্ব আমরা স্বীকার করি না এবং আমাদের ওপর বর্তায়না।*

*- সম্পাদক*

## মুদ্রা বিনিময় হার

**RBI REFERENCE RATE**

| | |
|---|---|
| INR / 1 USD | : 64.0781 |
| INR / 1 Euro | : 80.0335 |
| INR / 100 Jap. YEN | : 58.3600 |
| INR /1 Pound Sterling : | 91.3369 |

## শেয়ার সূচক

BSE 33,176.00 ▼ (-509.54)
NIFTY 10,195.15 ▼ (-165.00)

## Change of Name

I, MD, SHAHID AMIN R/O 10, CIRCUS ROW, KOL-17 STATES THAT MY DAUGHTER ZARA FATMA WAS BORN ON 24/11/2005AT ASANSOL. W/ B HOLD B/C REGIS NO 2005/10700 ISSED ON 7/12/2005 BY ASANSOL MUNICIPAL CORP., BUT DUE TO BOANFIDE MISTAKE & HOLD ANOTHER B/C REGIS NO. 935296/05 BY NOIDA MUNICIPAL CORP., WHEREIN HER DETAILS ARE INCORRECT AS "FATMA ZARA AMIN BORN ON 24/04/2005 AT NOIDA INSTEAD OF "ZARA FATMA BORN ON 24/11/2005 AT ASANSOL, W.B.
VIDE FIRST CLASS MAGISTRATE SWORN AFFIDAVIT FROM NEW ALIPORE COURT DATE 14/03/2018.

## নাম/পদবি পরিবর্তন

আমি তাপস কুমার সরকার পিতা'ভঃ ইউ.এন. সরকার, ঠিকানা -সি/২৬ বাপুজী নগর, কলকাতা-৯২, গত ১৩.০৪.২০১৮ তারিখে কলকাতার সি.এম.এম. কোর্টে জানী নোটারী পাবলিকের সম্মিকটে এফিডেভিট বলে তাপস সরকার হইলাম। তাপস কুমার সরকার ও তাপস সরকার একই ব্যক্তি।